DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 12:26 PM

খেলা

# মরক্কোর কাছে হেরে বিদায়, পদত্যাগ করলেন নেদারল্যান্ডসের কোচ

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বুধবার, ০১ জুলাই ২০২৬, ১১:৫৮ AM



রোনাল্ড কোম্যান। সংগৃহীত ছবি

মরক্কোর কাছে হেরে থেমেছে নেদারল্যান্ডসের বিশ্বকাপ যাত্রা। ডাচদের ব্যর্থতার দায় নিয়ে কোচের পদ থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন রোনাল্ড কোম্যান। বিষয়টি নিশ্চিত করেছেন নিজেই।

মঙ্গলবার (৩০ জুন) ইনস্টাগ্রামে দেওয়া এক বিবৃতিতে ৬৩ বছর বয়সী কোম্যান লেখেন, “গত রাতে আমি ডাচ জাতীয় দলের প্রধান কোচের দায়িত্ব ছাড়ার সিদ্ধান্ত নিয়েছি।”

কোম্যান বলেন, “আমরা সবাই এই বিশ্বকাপে ইতিহাস গড়ার স্বপ্ন দেখেছিলাম, কিন্তু তা পূরণ করতে পারিনি। এর জন্য আমার চেয়ে বেশি হতাশ আর কেউ নয়। প্রধান কোচ হিসেবে শেষ পর্যন্ত দায়িত্ব আমারই।”

মরক্কোর বিপক্ষে শেষ ষোলোর টিকিটের লড়াইয়ে নির্ধারিত ও অতিরিক্ত সময় শেষে ১-১ সমতা ছিল। পরে টাইব্রেকারে ৩-২ ব্যবধানে হেরে বিশ্বকাপ থেকে বিদায় নেয় নেদারল্যান্ডস। ম্যাচের শেষ দিকে এগিয়ে থেকেও সমতা ফিরিয়ে আনে মরক্কো, এরপর পেনাল্টি শুটআউটে নিশ্চিত হয় ডাচদের বিদায়।

এটি ছিল কোম্যানের দ্বিতীয় মেয়াদে নেদারল্যান্ডসের দায়িত্ব পালন। ২০১৮ থেকে ২০২০ সাল পর্যন্ত প্রথম দফায় দায়িত্ব পালনের পর তিনি বার্সেলোনার কোচ হন। পরে ২০২৩ সালে আবারও জাতীয় দলের দায়িত্ব নেন এবং দলকে ইউরো ২০২৪-এর সেমিফাইনালে তুলেছিলেন। তবে এবারের বিশ্বকাপে প্রত্যাশা পূরণ করতে পারেননি।

---


## এ বিভাগের আরও খবর




ফ্রান্সকে হারিয়ে ১৬ বছর পর ফাইনালে স্পেন

এই ফ্রান্সকে কে থামাবে? গোটা বিশ্বকাপ জুড়ে এই ছিল সবচেয়ে বড় প্রশ্ন। যে দলটা নামলেই নিদেনপক্ষে দুটো গোল করেই দিচ্ছে, সেই দলটাকে হারাবে কে...



ফ্রান্স-স্পেন সেমিফাইনাল, পরিসংখ্যানে এগিয়ে কারা?

২০২৬ ফিফা বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে বাংলাদেশ সময় আজ (মঙ্গলবার) দিবাগত রাত ১টায় মুখোমুখি হচ্ছে ইউরোপের দুই শক্তিধর দল ফ্রান্স ও স্পেন। ট...




### জাঁকজমকপূর্ণ আয়োজনে মিশরীয় খেলোয়াড়দের বরণ

২০২৬ ফিফা বিশ্বকাপে নজরকাড়া পারফরম্যান্সের পর এখনও উৎসবের আবহে রয়েছে মিশর। যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায় অনুষ্ঠিত আসরে প্রথমবারের মতো নকআ...



### সুপার কম্পিউটারের হিসাবে আর্জেন্টিনার চ্যাম্পিয়ন হওয়ার সম্ভাবনা কেমন

বিশ্বকাপের ট্রফি কার হাতে উঠবে তা দেখার অপেক্ষা আর দুই ম্যাচের। ৪৮ দলের মধ্যে এখন টিকে রয়েছে ৪ দল। সেই চার দল হচ্ছে ফ্রান্স, স্পেন, ইংল্যান্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/sports/football-Netherlands